



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-৫৪/২৫২

তারিখ:

২৮ পৌষ ১৪২৯
১২ জানুয়ারী ২০২২

বিষয় : রিট পিটিশন নং ৭৬৯০/২০২২ ও ২৮৮৮/২২ মামলার রায় বাস্তবায়ন প্রসঙ্গে

সূত্র : ১। বামাশিবো/প্রশা/পটুয়াখালী-৫৪/১০১ তারিখ: ১৮.০৯.২০২২ ইং;


২। বামাশিবো/প্রশা/৩২৬২২১০২৫৫২২/৬৭০৯৫/নথি নং -৫৪ তারিখ: ১১.০১.২০২৩ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন মরিচবুনিয়া ইসলামিয়া নেছারিয়া আলিম মাদ্রাসার গভার্ণিং বডির সভাপতি, অধ্যক্ষ ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ বিষয়ে সৃষ্ট জটিলতা নিরসনকল্পে সূত্রোক্ত ১নং স্মারক পত্রের আলোকে শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালে উভয় পক্ষের জবাব, দাখিলকৃত কাগজপত্র ও নথি যাচাই করে দেখা যায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ২৮৮৮/২০২২ মামলার রায়ে সভাপতি পদ স্থগিত করা সত্ত্বেও উক্ত সভাপতি কর্তৃক মাদ্রাসার অধ্যক্ষকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। অধ্যক্ষ জনাব এ.টি. এম মোস্তফা রাশেদ সাময়িক বরখাস্ত হওয়ার পর জনাব মো: সাইদুর রহমানকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়। মাদ্রাসার গভার্ণিং বডির মেয়াদ শেষ হওয়ায় ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: সাইদুর রহমান এবং অধ্যক্ষ জনাব এ.টি. এম মোস্তফা রাশেদ কর্তৃক আলাদা আবেদনে এডহক কমিটি গঠনের অনুমতির আবেদন করা হয়েছে। অধ্যক্ষ জনাব এ.টি. এম মোস্তফা রাশেদ কর্তৃক তার ০৬.০৬.২০২২ ইং তারিখে দাখিলকৃত এডহক কমিটি গঠনের অনুমতির আবেদন নিষ্পত্তি বিষয়ে রিট পিটিশন ৭৬৯০/২০২২ দাখিল করা হয়। উক্ত মামলায় জনাব এ.টি. এম মোস্তফা রাশেদ এর আবেদন ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য রায় প্রদান করা হয়।

বর্ণিত অবস্থায় রিট পিটিশন ২৮৮৮/২০২২ মামলার রায় অনুযায়ী সাময়িক বরখাস্ত প্রক্রিয়া যথাযথ না হওয়ায় পত্র জারির পর থেকে অধ্যক্ষ জনাব এ. টি. এম মোস্তফা রাশেদ স্বপদে দায়িত্ব পালন করবেন এবং রিট পিটিশন নং ৭৬৯০/২০২২ মামলায় প্রদানকৃত রায় অনুযায়ী জনাব এ. টি. এম মোস্তফা রাশেদ কর্তৃক ০৬.০৬.২০২২ ইং তারিখে দাখিলকৃত এডহক কমিটি গঠনের অনুমতির আবেদনটি সূত্রোক্ত ২নং স্মারক পত্রে নিষ্পত্তি করা হয়েছে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক () পাতা।


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০২.০১.২০২৬

মো: সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd


০২.০১.২৬

তারিখ:


২৮ পৌষ ১৪২৯
১২ জানুয়ারী ২০২২

জনাব এ.টি. এম মোস্তফা রাশেদ, অধ্যক্ষ
মরিচবুনিয়া ইসলামিয়া নেছারিয়া আলিম মাদ্রাসা,
পো: মরিচবুনিয়া, সদর, পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-৫৪/২৫২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (আইন ও অডিট), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. জেলা প্রশাসক, পটুয়াখালী;
৩. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী;
৪. উপজেলা নির্বাহী অফিসার, সদর, পটুয়াখালী;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, পটুয়াখালী;
৬. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি., শাখা, সদর, পটুয়াখালী;
৭. জনাব এ.কে.এম মনিরুজ্জামান, বিগত গভার্ণিং বডির সভাপতি, মরিচবুনিয়া ইসলামিয়া নেছারিয়া আলিম মাদ্রাসা;
৮. জনাব মো: সাইদুর রহমান, প্রভাষক (আরবী), মরিচবুনিয়া ইসলামিয়া নেছারিয়া আলিম মাদ্রাসা;
৯. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১০. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১১. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১২. অফিস কপি।


০২/০১/২৬

মো: ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd